গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moca.gov.bd

**বিষয়: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বার্ষিক মূল্যায়ন সংক্রান্ত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : মো: নাসির উদ্দিন আহমেদ, সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |
| সভার তারিখ | : ১৪ আগস্ট ২০১৮ |
| সময় | : সকাল ১১.৩০ টা |
| স্থান | : সচিব মহোদয়ের অফিস কক্ষ। |
| উপস্থিতি | : সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযুক্তি-১ এ সন্নিবেশিত হলো। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির প্রারম্ভিক বক্তব্যের পর তাঁর অনুমতিক্রমে উপসচিব (বাজেট ব্যবস্থাপনা) জনাব মোঃ শওকত আলী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত অর্জন উপস্থাপন করেন এবং যে সকল কার্যক্রমে নম্বর কম পেয়েছে সেগুলি নিয়ে বিস্তারিত আলোচনা করেন। সভায় মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও এপিএ টিম প্রধান জনাব মোঃ মসিউর রহমান যে সকল দপ্তর/সংস্থা ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে আশানুরূপ সাফল্য অর্জন করেনি সে সকল দপ্তর/সংস্থাকে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বিষয়ে আরো বেশি মনোযোগী হওয়ার জন্য অনুরোধ জানান। সভায় যে সকল দপ্তর/সংস্থা ২০১৭-১৮ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ১ম, ২য় এবং ৩য় হয়েছে সে সকল দপ্তর/সংস্থাকে পুরস্কৃত করার করার বিষয়ে আলোচনা হয়। সভায় দপ্তর/সংস্থার প্রধানগণ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ে তাদের অভিমত ব্যক্ত করেন। সভাপতি মন্ত্রণালয়ের অর্জনে ক্রমাগত অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন। তিনি সকল দপ্তর/সংস্থাকে নিয়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিসহ অফিস ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণের আয়োজন এবং নির্ধারিত তারিখের মধ্যে মন্ত্রণালয়ের ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের উপর গুরুত্ব আরোপ করেন।

২। সভায় সার্বিক আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

(ক) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থা ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে নিম্নবর্ণিত নম্বর অর্জন করে:

| ক্রমিক | মন্ত্রণালয়/দপ্তর/সংস্থার নাম | প্রাপ্ত স্কোর | অবস্থান |
|---|---|---|---|
| ১ | গণগ্রন্থাগার অধিদপ্তর | ৯৬.৫ | ১ম |
| ২ | বাংলাদেশ জাতীয় জাদুঘর | ৯৬.৫ | ১ম |
| ৩ | বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন | ৯৬ | ২য় |
| ৪ | প্রত্নতত্ত্ব অধিদপ্তর | ৯৫.১ | ৩য় |
| ৫ | আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর | ৯৪.৩ | ৪র্থ |
| ৬ | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান | ৯২.৫ | ৫ম |
| ৭ | জাতীয় গ্রন্থকেন্দ্র | ৯১.৩ | ৬ষ্ঠ |
| ৮ | কপিরাইট অফিস | ৯০ | ৭ম |
| ৯ | বাংলাদেশ শিল্পকলা একাডেমি | ৮৮ | ৮ম |
| ১০ | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি | ৮৭.৪ | ৯ম |
| ১১ | বাংলা একাডেমি | ৮৭ | ১০ম |
| ১২ | কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার | ৮২ | ১১তম |
| ১৩ | নজরুল ইন্সটিটিউট | ৭৮.৫ | ১২তম |
| ১৪ | রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, রাজশাহী | ৭৬ | ১৩তম |
| ১৫ | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইন্সটিটিউট, খাগড়াছড়ি | ৬৪ | ১৪তম |
| ১৬ | ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমী, বিরিশিরি | ৬৩ | ১৫তম |
| ১৭ | মণিপুরি ললিতকলা একাডেমি, কমলগঞ্জ, মৌলভীবাজার | ৫৮ | ১৬তম |
| ১৮ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | ৯৭.১৮ | -- |

(খ) যে সকল দপ্তর/সংস্থা ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্জনে ১ম, ২য় এবং ৩য় হয়েছে সে সকল দপ্তর/সংস্থাকে তাদের অর্জনের স্বীকৃতিস্বরূপ ক্রেস্ট এবং সম্মাননা পত্র প্রদান করা হবে। যে সকল সংস্থা আশানুরূপ অর্জন করতে পারেনি তাদেরকে আগামীতে এপিএ অন্তর্ভুক্ত কার্যক্রম বাস্তবায়নে আরো উদ্যোগী ও যত্নবান হতে হবে।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য:

(গ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ে ঢাকার মধ্যে অবস্থিত ১০টি দপ্তর/সংস্থাকে নিয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে একটি প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করতে হবে।

(ঘ) ক্ষুদ্র নৃ গোষ্ঠির সাংস্কৃতিক ইন্সটিটিউট, বান্দরবান, খাগড়াছড়ি, রাঙ্গামাটি ও কক্সবাজারকে নিয়ে কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্রে এবং মণিপুরি ললিতকলা একাডেমি, মৌলভীবাজার, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমী, বিরিশিরি, নেত্রকোনা এবং রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, রাজশাহীর জন্য পৃথক পৃথক ভাবে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিসহ অফিস ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে। প্রশিক্ষণে মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ প্রশিক্ষক হিসেবে অংশগ্রহণ করবেন।

(ঙ) ২০১৭-১৮ অর্থবছরের মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন আগামী ১৯ আগষ্ট ২০১৮ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৯/০৮/২০১৮
(মোঃ নাসির উদ্দিন আহমেদ)
সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.১২৫.২০.০০১.১৭.৯২

তারিখ: ০৪ ভাদ্র ১৪২৫ / ১৯ আগষ্ট ২০১৮

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। **(দৃঃ আঃ অতিরিক্ত সচিব (বাজেট-১)।**
২. অতিরিক্ত সচিব ,সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব ( প্রশাসন/উন্নয়ন ও পরিকল্পনা/সাংস্কৃতিক ঐতিহ্য) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
৪. মহাপরিচালক, বাংলা একাডেমি, রমনা, ঢাকা।
৫. মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।
৬. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।
৭. মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
৮. মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা।
৯. যুগ্মসচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।
১১. নির্বাহী পরিচালক, কবি নজরুল ইন্সটিটিউট, ধানমন্ডি, ঢাকা।
১২. উপসচিব (সকল)/ উপপ্রধান, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. রেজিষ্ট্রার, কপিরাইট অফিস, আগারগাঁও, ঢাকা।
১৪. পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা।
১৫. পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ।
১৬. উপসচিব, বাজেট-২৩, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সিনিয়র সহকারি সচিব (সকল)/সিনিয়র সহকারী প্রধান (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৮. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
১৯. পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাংগামাটি।
২০. পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান।
২১. পরিচালক, কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার।
২২. পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক একাডেমী, বিরিশিরি, নেত্রকোনা।
২৩. পরিচালক, মণিপুরী ললিতকলা একাডেমী, কমলগঞ্জ, মৌলভী বাজার।
২৪. পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।
২৫. পরিচালক, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমী, রাজশাহী।
২৬. সহকারী সচিব (সকল)/সহকারি প্রোগ্রামার/হিসাব রক্ষণ কর্মকর্তা,সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।

সদয় অবগতি জন্য অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ শওকত আলী)
উপসচিব (বাজেট ব্যবস্থাপনা)
ফোন: ৯৫৪০২৮১